

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা- কারিগরি-২
পরিবহণ পুল ভবন, ঢাকা
www.moedu.gov.bd


নং- ৫৭.০০.০০০০.০৫২.৩১.০০১.১৭ ৬৬৬

তারিখ : ২২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : বালিকা বা মহিলা শিক্ষা প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে সহশিক্ষা চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, স্বীকৃতি এবং প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত ১৯৮টি আবেদনসহ ২৪টি প্রতিষ্ঠান সহশিক্ষা চালুকরণের বিষয়ে বিদ্যমান নীতিমালার আলোকে জরুরিভিত্তিতে নিষ্পত্তিপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। উল্লেখ্য, ইতোমধ্যে আরো বেশ কয়েকটি প্রতিষ্ঠান সহশিক্ষা চালুকরণ বা প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণ অত্র বিভাগের আবেদন দাখিল করেছেন।

০২। এমতাবস্থায়, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সহশিক্ষা বা প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের নিমিত্তে ২৪টি প্রতিষ্ঠানসহ ইতোমধ্যে প্রেরিত আবেদনসমূহের বিষয়ে জরুরিভিত্তিতে বিধি মোতাবেক নিষ্পত্তিপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(সুবোধ চন্দ্র ঢালী)
উপ সচিব

ফোনঃ ৯৫৮২০৫৫

ds_tec2@moedu.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
 - ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
 - ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)